43

দৈনিক বাংলা

তারিখ 06 AUG 1994
পৃষ্ঠা ৭ কলাম ৫

# বস্তিবাসী ছেলেমেয়েদের জন্য স্যাটেলাইট স্কুল হবে

ঢাকা সিটি করপোরেশন নগরীর বস্তিবাসী ও ছিন্নমূল জনগোষ্ঠীর ছেলেমেয়েদের শিক্ষা প্রদানের জন্য ইউনিসেফের অর্থানুকূল্যে এবং স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের সহায়তায় ঢাকায় ৪টি স্যাটেলাইট স্কুল প্রতিষ্ঠা করবে। বুধবার সকালে ঢাকার গনকটুলী ক্লিনার্স কলোনীতে এই ধরনের একটি স্কুল উদ্বোধনকালে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের সচিব সৈয়দ আমগীর ফারুক চৌধুরী এই তথ্য প্রকাশ করেন। খবর বিজ্ঞপ্তির।

সৈয়দ আলমগীর ফারুক চৌধুরী বলেন, '২০০০ সালের মধ্যে সবার জন্য শিক্ষা' এই কার্যক্রম সফল করতে দলমত নির্বিশেষে সকলকে এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে স্থানীয় ওয়ার্ড কমিশনার রমজান আলী হিরুর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ এম আবদুল জব্বার, স্থানীয় সরকার প্রকৌশ বিভাগের প্রধান প্রকৌশলী কমরুল ইসলাম সিদ্দিকী ও সিটি করপোরেশনের প্রধান বস্তি উন্নয়ন কর্মকর্তা জহিরুল হক খান।